আজকের কাগজ

তারিখ 28 NOV 1991 পৃষ্ঠা 6 কলাম 9

84

ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল

# দীর্ঘদিন বিদ্যুৎ না থাকায় ছাত্ররা পড়াশোনা করছে হ্যারিকেনের আলোয়

**আল্ মামুন :** ঢাকার ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুলের আবাসিক ছাত্ররা দীর্ঘদিন যাবত পানি আর বিদ্যুৎ-এর কষ্টে দিন-রাত কাটাচ্ছে। সামনে বার্ষিক পরীক্ষা। বিদ্যুৎ না থাকায় মোমবাতি, কুপিবাতি কিংবা হেরিকেন জ্বালিয়ে তাদের পড়াশুনা করতে হচ্ছে। এদিকে বিদ্যুৎ সরবরাহ না থাকায় পানি সরবরাহও বন্ধ হয়ে গেছে। ফলে ছাত্রদেরকে বাইরে থেকে পানি এনে ঠেকার কাজ চালাতে হচ্ছে। এতে ছাত্রদের দুর্ভোগের সীমা নেই। দেড় লাখ টাকা বিদ্যুৎ বিল অপরিশোধিত থাকায় বিদ্যুৎ কর্তৃপক্ষ গত ২ অক্টোবর এ স্কুলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিয়েছে বলে জানা গেছে। এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষক এ.কে.এম. মনির হোসেনের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান যে, বেশ কয়েক বছরে জমে থাকা প্রায় দেড় লাখ টাকা বিদ্যুৎ বিল সরকার কর্তৃক পরিশোধিত না হওয়ায় বিদ্যুৎ কর্তৃপক্ষ আগাম কোনো নোটিশ না দিয়েই স্কুলের প্রধান শিক্ষকের বাসা, হোস্টেল সুপারের বাসা ও ছাত্রাবাসের লাইন বিচ্ছিন্ন করে দিয়েছে। তিনি জানান, স্কুলের বিদ্যুৎ বিল এজি-এর মাধ্যমে পরিশোধ হবার কথা। কিন্তু স্কুলের জন্যে বরাদ্দকৃত টাকার পরিমাণ কম থাকায় তা পরিশোধ করা সম্ভব হয়ে উঠেনি। তিনি জানান, বিদ্যুৎ কর্তৃপক্ষকে মানবীয় দিক বিবেচনা করে এবং কয়েকদিনের মধ্যে বিল পরিশোধ করা হবে জানালেও তারা এ ব্যাপারে কোনো পদক্ষেপ নেননি। এদিকে বিদ্যুৎ সরবরাহ না থাকায় ছাত্রাবাস ও স্কুলভবনে পানি পাওয়া যাচ্ছে না। ফলে স্কুলের প্রায় ২ হাজার ৪শ' ছাত্র দুর্ভোগ পোহাচ্ছে। এ ধরনের সমস্যার জন্যে ইতিমধ্যে আবাসিক ৫০ জন ছাত্রের মধ্যে ১৫ জনের মতো ছাত্রাবাস ছেড়ে অন্যত্র চলে গেছে। এ সমস্যার কথা জানিয়ে তিনি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে আবেদন করলে কর্তৃপক্ষ স্কুলের জন্যে দেড় লাখ টাকা বরাদ্দ করেছে বলে জানালেন। টাকা পাওয়া মাত্রই বিদ্যুতের বিল শোধ করা হবে।

এ ব্যাপারে বিদ্যুৎ-এর আসাদগেট জোনের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার মোহসীন আলীর সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান যে, তিনি পরপর কয়েকবার স্কুলের প্রধান শিক্ষককে সমস্যাটি নিয়ে তাঁর সঙ্গে যোগাযোগ করার কথা জানালেও তিনি যোগাযোগ করেননি। তিনি যোগাযোগ করলে আলাপ-আলোচনার ভিত্তিতে মানবীয় দিকটি বিবেচনা করা যেত বলে তিনি জানালেন।

34